# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৬ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ১৮/০৪/২০২২ খ্রিস্টাব্দ, সকাল- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ২৮/০৩/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, ২১/০৪/২২ ইং তারিখে পাহাড়ী ঢলে আকস্মিক বন্যায় অত্র উপজেলায় প্রায় ২০০ হেক্টর ফসলি জমি নিমজ্জিত হয়েছে। এছাড়া আউশ প্রণোদনা ১০৫০ জন কৃষকের মাঝে বিতরণ। ধান বীজ ৫কেজি ডিএসপি স্যার ২০ কেজি ও এমপি স্যার ১০কেজি করে প্রত্যেক কৃষক কৃষকের মাঝে বিতরণ করা হয়। ভুর্তকির মাধ্যমে কম্পাইন হারভেস্টার বিতরণ করা হয়েছে ১০টি ও রিপার বিতরণ করা হয়েছে ২টি। | উপজেলা কৃষি অফিসার কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং বন্যায় ক্ষতিগ্রস্থদের তালিকা প্রস্তুতপূর্বক কৃষকদের সাথে স্বার্বক্ষনিক যোগাযোগ রাখবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ৬টি ইউনিয়নের মধ্যে ৩টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন যেমন ১। ইসলামপুর পশ্চিম ২। ইসলামপুর পূর্ব ৩।তেলিখাল ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা করে মোট ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত ০৩টি ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের LTM পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে।<br>২। ক) উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের জন্য আইপিএস বাবদ ৮০,০০০/-(আশি হাজার) টাকার মধ্যে ক্রয় করা যেতে পারে।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের ভিতর অংশ মেরামতসহ রংকরণ ১,৩২,০০০/-(এক লক্ষ বত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে।<br>গ) মহান স্বাধীনতা দিবস উপলক্ষে উপজেলা পরিষদের শহীদ মিনারের ইলেকট্রিক লাইন, নিরাপত্তা গ্রীল মেরামত ও রংকরণ বাবদ ১৭,৩১৫/- (সতের হাজার তিনশত পনের) টাকা ব্যয় হয়েছে।<br>(ঘ) উপজেলা পরিষদের কোয়ার্টার পিয়াইন ভবনের ৩ নং বাসা জরুরী ভিত্তিতে মেরামত করা হয়। বাসা মেরামত বাবদ ২৩,৯৯০/-(তেইশ হাজার নয়শত নব্বই) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করার ভূতাপেক্ষ অনুমোদন দেয়া যেতে পারে। | আলোচনান্তে বর্ণিত ৩টি ইউনিয়ন পরিষদের কাজ প্রাক্কলন অনুযায়ী সঠিক তদারকির মাধ্যমে উপজেলা প্রকৌশলী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। ক)উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের জন্য আইপিএস ক্রয় বাবদ ৮০,০০০/-(আশি হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ)উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের ভিতর অংশ মেরামতসহ রংকরণ ১,৩২,০০০/-(এক লক্ষ বত্রিশ হাজার) টাকা এবং আলোচ্য 'গ' এর টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ কোয়ার্টার পিয়াইন ভবনের ৩ নং বাসা মেরামত বাবদ ব্যয়িত ২৩,৯৯০/-(তেইশ হাজার নয়শত নব্বই) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করার ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, প্রাথমিক স্তর এর সরকার নির্ধারিত সেবা (বহি:বিভাগ ও আন্ত বিভাগে ভর্তি ও ল্যাব পরিক্ষা) রাজস্ব সংগ্রহ এবং সরকারি কোষাগারে জমা দেয়ার জন্য উপস্থাপন করেন। ভ্যাকসিন কার্যক্রম অব্যাহত আছে। ছোট শিশুরা বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | পল্লী বিদ্যুৎ | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভাকে জানান যে, বর্তমান সময়ে ঝড় বৃষ্টির কারণে প্রায় বিদ্যুৎ নিতে হচ্ছে। লাইনম্যানরা যথারীতি লাইনে কাজ করছে। আলোচনায় অংশগ্রহন করে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রতিদিন অনেক গুরুত্বপূর্ণ কাজ থাকে যা সম্পন্ন করতে হয়। পবিত্র রমযান মাসে মুসল্লিদের যেন কোন অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অফিসসমূহ তথা জনসাধারণের সুবিধার্থে বৈদ্যুতিক লাইন সচল রাখতে হবে। | বৈদ্যুতিক লাইন সচল রাখতে ডেপুটি জেনারেল ম্যানেজার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ , কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, এপ্রলি/২০২২ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-২২৪০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-১৭০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১২৮৫টি, হাঁস মুরগীর চিকিৎসা-৮৯০০টি, ডিম উৎপাদন-১১৫০০টি, রাজস্ব আয়- ৭৫০০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ১৫০০টি , ঘাস উৎপাদন ৩০ শতক । আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/- (তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বিল নার্সারি স্থাপনের জন্য পূর্ববর্তী ০২টি বিলের বরাদ্দের সাথে আরো ০১ টি বিলের বরাদ্দসহ মোট ০৩টি বিল নাসারির বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে পাহাড়ী ঢলের পানি কমে গেলে বিল নার্সারির পুকুর প্রস্তুতির মাধ্যমে চলতি মাসেই কার্যক্রম শুরু করে দেয়া হবে। বর্তমানে হাওর ও বিলগুলোতে পানি বৃদ্ধির ফলে নিষিদ্ধ কারেন্ট জাল এর মাধ্যমে মাছ ধরা বৃদ্ধি পেয়েছে। এ কারণে মৎস্য আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসন এর সহযোগীতায় মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা প্রয়োজন। | আলোচ্য বিষষে উপজেলা মৎস্য অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কারেন্ট জাল ব্যবহারসহ কোথাও কোন ধরনের মৎস্য আইন বিরোধী কার্যকলাপ পরিলক্ষিত হলে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবহিত করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, আন্ত:বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা বিদ্যালয় পর্যায়ে ১২ মে থেকে ১৬ মে পর্যন্ত, ইউনিয়ন পর্যায়ে ১৭ মে থেকে ১৯ মে এবং উপজেলা পর্যায়ে ৪ জুন হতে ৭ জুন/২০২২ অনুষ্ঠিত হবে। উক্ত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতায় সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো। | আলোচ্য বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, ছাত্র/ছাত্রীদের ঠিকা কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। ভোটার তালিকার হালনাগাদ কর্মসূচী আগামী ২৮/০৯/২০২২ তারিখ হতে শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। | উপজেলা নির্বাচন অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে চলতি মাসে পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদেরকে সহায়তার উদ্দেশ্যে ১৮.০০ মে:টন চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। ক্ষতিগ্রস্থ কৃষকের তালিকা পূর্বক বিতরণ করা হবে খুব দ্রুত। কাবিটা ও কাবিখা ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। তালিকা প্রাপ্তি ও অনুমোদন সাপেক্ষে কাজ শুরু হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবকদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। স্থানীয় চাহিদার ভিত্তিতে ৩০ জনের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক বেকার যুবকদের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে মার্চ/২২ পর্যন্ত ১২টি ব্যাচে সর্বমোট ৩৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহণকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে। মার্চ/২০২২ মাস পর্যন্ত ১২ জনকে ঋণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১৮ জনকে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, মহিলাদের জন্য আয়বর্ধক কর্মসূচীর আওতায় ফসল ডিজাইন ও ক্রিস্টাল মোপিছ এই দুই ট্রেডে ১০০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ভিজিডি উপকার ভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মে/২০২২ থেকে প্রশিমাসে একটি করে ইউনিয়ন ভিত্তিক সচেতনতামূলক উঠান বৈঠক করা হবে। এছাড়া কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণগুলো সঠিক তদারকির মাধ্যমে পরিচালনা করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। ২০২০-২১ অর্থ বছরের সব কাজ প্রায়ই শেষ পর্যায়ে। ২০২১-২২ অর্থবছরের কাজ খুব দ্রুত শুরু হবে। | উপ-সহকারী প্রকৌশলীকে আলোচ্য বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপ-সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহিতার হার ৭৫.৫০%। মার্চ/২২ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর মধ্যে খাবার বড়ি ১০১৬ জন, ইনজেকশন ৪৭১৩ জন, কনডম ১৪৩০ জন। আইইউডি ৪৪৩ জন, ইমপ্লান্ট ২৩৭৫ জন। স্থায়ী পদ্ধতি পুরুষ ১৯২ জন ও মহিলা ৩২২৭ জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি ২৮৭১৪ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় অডিটযোগ্য ১৪৭টি প্রাথমিক সমবায় সমিতি ও ০২টি কেন্দ্রীয় সমবায় সমিতি রয়েছে। মার্চ/২২ খ্রি: পর্যন্ত অডিটযোগ্য সমবায় সমিতি সমূহের মধ্যে ১০০% অডিট সম্পন্ন করা হয়েছে। ২০২০-২১ খ্রি: সনের ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করত: সরকারি কোষাগারে জমা করা হচ্ছে। অত্র উপজেলায় সিভিডিপি প্রকল্পে আওতায় ২০ জন সমবায়ীকে ২ মাসব্যাপী প্রশিক্ষণের জন্য সিলেট ইউসেফ টেকনিক্যাল স্কুলে সেলাই প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ৩য় কিস্তির পেরোল প্রেরণ কার্যক্রম চলছে। | আলোচ্য বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা বন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, এপ্রিল/২২ মাস থেকে খ্যাদ্য বান্ধব কার্যক্রমে পুষ্টিচাল বিতরণ করা হবে। অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ে মাঠ কর্মীগণ কাজ করছেন। | ঋণ আদায়ে মাঠ কর্মীদের সঠিকভাবে তদারকি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | তথ্য কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, তথ্যকেন্দ্র হতে ৪টি করে প্রতি মাসে উঠান বৈঠক করা হচ্ছে। গত মার্চ/২০২২ মাসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ১টি বিশেষ উঠান বৈঠক আয়োজন করা হয়। তথ্যকেন্দ্র হতে ১টি নারী নির্যাতন মামলা পরিচালনা করা হচ্ছে। এছাড়া তথ্যকেন্দ্র হতে লাল সবুজ মার্কেট প্লেসে ৫জন উদ্দ্যোক্তাকে রেজিস্ট্রেশন করে দেয়া হয়েছে। | আলোচ্য বিষয়ে তথ্যসেবা কর্মকর্তা আরও উদ্দ্যোগী ভূমিকা পালন করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | পল্লী দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার সভাকে জানান যে, তার দপ্তর হতে বিভিন্ন ক্যাটাগরিতে ঋণ দেয়া হচ্ছে এবং ঋণ আদায় যথারীতি চলছে। দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠূভাবে পরিচালনা করবেন। | পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অবৈধভাবে উপজেলা, ইউনিয়ন ও বাজার ট্যাক্স এর নামে কোন চাদা আদায় পরিলক্ষিত হলে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবহিত করবেন। কোনভাবেই অবৈধভাবে চাঁদা আদায় করা যাবে না। অবৈধভাবে চাঁদা আদায়কারীর বিরোদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ সার্বিক সহযোগীতা করবেন।<br><br>২। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যাদ্বয় ফেব্রুয়ারি/২০২১ হতে মার্চ/২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতার বিল দাখিল করেছেন। ভ্রমন বাবদ ব্যয় নিম্নরুপ।<br>চেয়ারম্যান — ৯৬,৮৭৫/-/-<br>ভাইস চেয়ারম্যান — ৭৭,০০০/-<br>মহিলা ভাইস চেয়ারম্যান — ৭৭,০০০/-<br>বণিত ভ্রমণ ভাতার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | অবৈধভাবে উপজেলা, ইউনিয়ন ও বাজার ট্যাক্স এর নামে কোন চাদা আদায় পরিলক্ষিত হলে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবহিত করবেন। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ সার্বিক সহযোগীতা করবেন।<br><br>২। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি/২০২১ হতে মার্চ/২০২২ পর্যন্ত ২,৫০,৮৭৫/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার আটশত পচাত্তুর) টাকার ভ্রমণ ভাতার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা/ ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদে অনেকগুলো মরা গাছ রয়েছে যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিলামে বিক্রি করা যেতে পারে।<br><br>২। উপজেলা পরিষদ সভা কক্ষের জন্য ২৫টি হাতাওয়ালা চেয়ার ও উপজেলা পরিষদ মিলনায়তনের জন্য প্লাস্টিকের হাতাছাড়া চেয়ার ক্রয় বাবদ ২,২৫,৩০০/-(দুই লক্ষ পচিশ হাজার তিনশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br><br>৩। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য ০২ (দুই) সেট সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ব্যয় করা যেতে পারে।<br><br>৪। উপজেলা পরিষদ মিলনায়তনের মাইক্রোফোনের জন্য দুটি কডলেস ক্রয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য ২টি টেবিলের কাচ, ফোম ও একটি অনার বোর্ড নির্মাণ বাবদ ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাচশর্ত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br><br>৫। উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামতের জন্য ২৫,০০০/-(পচিশ) হাজার টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে। | উপজেলা পরিষদের মরা গাছগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে নিলামের মাধ্যমে বিক্রি করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। আলোচ্যমতে হাতাওয়ালা চেয়ার ও হাতাছাড়া চেয়ার ক্রয় বাবদ ২,২৫,৩০০/-(দুই লক্ষ পচিশ হাজার তিনশথ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। ০২ (দুই) সেট সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪।উপজেলা পরিষদ মিলনায়তনের মাইক্রোফোনের জন্য দুটি কডলেস ক্রয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য ২টি টেবিলের কাচ, ফোম ও একটি অনার বোর্ড নির্মাণ বাবদ ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫। উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামতের জন্য ২৫,০০০/-(পচিশ) হাজার টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৭ | বিবিধ-৩ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি সভাকে জানান যে, তাঁর ইউনিয়নে উন্নয়ন কাজসমূহ বাস্তবায়নের সময় ঠিকাদারগণ চেয়ারম্যানের সাথে কোন ধরনের যোগাযোগ করেন না। ঠিকাদারগণ ইউনিয়নে কাজ শুরু করার সময় সংশ্লিষ্ট চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে করা কাজ করার অনুরোধ জানান। | সকল ধরনের উন্নয়ন কাজে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ তদারকি করবেন এবং কোন অনিয়ম ধরা পড়লে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবহিত করবেন। | চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৮ | বিবিধ-৪ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, উন্নয়ন শাখা-১ এর ১৪/০৭/২০০৩ তারিখের এম/অবি/উ: ১/বিবিধ-৬/২০০৩/১৪৮৯ নং স্মারকে কাজ নাই মজুরী নাই ভিত্তিতে নিয়োজিত জনবলের সুবিধাবলী সংক্রান্ত নীতিমালায় প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মজুরীর সমান অর্থ উৎসব বোনাস হিসেবে দেওয়া যাবে। দুই ঈদের জন্য প্রাপ্য বোনাস দুই ভাগে ভাগ করে প্রতি ঈদে আলাদাভাবে প্রদান করার উল্লেখ রয়েছে। সেমতে উপজেলা পরিষদে নিয়োজিত কাজ নাই মজুরী নাই ভিত্তিতে মো: আজাদ আহমদ, পরিচ্ছন্নতা কর্মী ও মো: হৃদয় মিয়া, মালি এর ঈদুল ফিতর উৎসব ভাতা/২০২২ বাবদ প্রতিজনের দৈনিক মজুরীর ১১(এগার) দিন করে বোনাস দেয়া যেতে পারে। | আলোচ্যমতে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী ও মালিকে ঈদুল ফিতর উৎসব ভাতা/২০২২ উপজেলা রাজস্ব তহবিল হতে দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

<table>
<tr>
<td></td>
<td>বিবিধ-৫</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, জনাব ফাইজুর রহমান, সাট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মো: এমাদ উদ্দিন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট তাদের আবেদন পাঠ করে শুনানো হয়। আবেদন দৃষ্টে দেখা যায় তারা ১০/০৫/২০১২ ইং তারিখে চাকুরীতে যোগদান করে অদ্যবধি সততা, নিষ্টা ও সন্তোষ্টির সাথে তাদের উপর অর্পিত সকল দায়িত্ব পালন করে আসছেন। আগামী ০৯/০৫/২০২২ তারিখে তাদের চাকুরীকাল ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০, তারিখ ২৫ এপ্রিল/২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে আবেদনকারীদের চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে ১০(দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৪, বেতনস্কেল ১০,২০০-২৪,৬৮০/- হতে উচ্চতর গ্রেড-১৩, বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/- ও গ্রেড-১৬, বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০ হতে গ্রেড-১৫, বেতনস্কেল ৯,৭০০-২৩৪৯০/-তে আগামী ১০/০৫/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার জন্য সভায় অনুরোধ জানান।</td>
<td>স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০, তারিখ ২৫ এপ্রিল/২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব ফাইজুর রহমান, সাট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মো: এমাদ উদ্দিন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট তাদের চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে ১০(দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৪, বেতনস্কেল ১০,২০০-২৪,৬৮০/- হতে উচ্চতর গ্রেড-১৩, বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/- ও গ্রেড-১৬, বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০ হতে গ্রেড-১৫, বেতনস্কেল ৯,৭০০-২৩৪৯০/-তে আগামী ১০/০৫/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড সর্বসম্মতিক্রমে মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।</td>
</tr>
<tr>
<td>৩০</td>
<td>বিবিধ-৬</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভাকে জাননা যে, ১৪২৯ বাংলা সনের মোট ১০টি বাজার ইজারা প্রদান করা হয়। সবোর্চ্চ দরদাতাদের নামে নিম্নোক্তভাবে ইজারা প্রদান করা হয়।
<table>
<tr><th>নং</th><th>বাজারের নাম</th><th>সবোর্চ্চ ইজারাদারের নাম</th><th>ইজারা মুল্য</th></tr>
<tr><td>১</td><td>টুকের বাজার</td><td>মো: জাফর মিয়া</td><td>৪৩,০৯,৯৯৯/-</td></tr>
<tr><td>২</td><td>কোম্পানীগঞ্জ থানা বাজার</td><td>মো: আব্দুর রশীদ</td><td>৩,৮৪,৫০০/-</td></tr>
<tr><td>৩</td><td>ভোলাগঞ্জ বাজার</td><td>মো: আক্তারুজ্জামান নোমান</td><td>১,৪৫,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>দয়ার বাজার</td><td>মো: ফজল উদ্দিন</td><td>২,১৮,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদর্শ চরার বাজার</td><td>জয়নাল আবদীন</td><td>২,০২,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>রাজনগর নতুন বাজার</td><td>মো: কামাল হোসেন</td><td>২৮,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শান্তির বাজার</td><td>মিজানুর রহমান</td><td>১,০৩,৩৩০/-</td></tr>
<tr><td>৮</td><td>তেলিখাল বাজার</td><td>মাওলানা নজির আহমদ</td><td>১৮,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>ইসলামগঞ্জ বাজার</td><td>আব্দুল মান্নান</td><td>১১,৭৫,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>হায়দরী বাজার</td><td>আকিল আলী</td><td>৪১৪০/-</td></tr>
</table>
</td>
<td>আলোচ্যমতে বর্ণিত বাজারসমূহে সবোর্চ্চ দরদাতাদের নামে শর্তসাপেক্ষে ইজারা প্রদান কর হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ৩৯৫(৪৫) তারিখঃ ১৮ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ।

লিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা........................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান...................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।..............................................কোম্পানীগঞ্জ, সিলেট।

লুসিকান্ত হাজং
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব আয়শা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব হাজী জিয়াদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | ডা: কামরুজ্জামান রাসেল | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ০৫ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | ডা: মো: লুৎফুর রহমান | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মো: আলমগীর আলম | চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: আজিম উদ্দিন | প্যানেল চেয়ারম্যন, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মো: জয়নাল আবেদীন | প্যানেল চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব শাহ আলম | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মো: আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মো: পারভেজ খান | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব মোহাম্মদ নাঈম হাসান | উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব রোকসানা আক্তার রত্না | তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২২ | জনাব শিবলী আতিকা তিন্নী | উপুজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | সজল কান্তি দাস তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | জনাব ইকবাল হোসেন আরিফ | চেয়ারম্যান, ইউসিসিএলি:, কোম্পানীগঞ্জ, সিলেট এ প্রতিনিধি। |
| ২৫ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২৬ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকল্প কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২৭ | জনাব মো: ওয়াজেদ আলী | সিনিয়র অফিসার, দারিদ্র বিমোচন ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৮ | জনাব মৃণাল কান্তি চৌধুরী | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ,সিলেট।
৪।বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৮তম সভা
তারিখ :- ২৮/০৪/২২
সময় :- ১১ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ইকবাল হুসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই | [signature] |
| ০২. | আয়েশা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৩. | হাজী জিয়াদ আলী | চেয়ারম্যান চর: ইছাকলস | [signature] |
| ০৪. | Dr. Md Kamruzzaman | UHSFPO, Companiganj | [signature] |
| ০৫. | মাহফুজুর রহমান ইতমিনান | UFPO কোম্পানীগঞ্জ | [signature] |
| ০৬. | ডাঃ মোঃ নূরনবী প্রধান | ULO, কোম্পানীগঞ্জ | [signature] |
| ০৭. | মোঃ আনর আলী আনসার | চেয়ারম্যান | [signature] |
| ০৮. | মোঃ আফিজ উদ্দিন | প্যানেল চেয়ারম্যান ৩নং তেলিখাল | [signature] |
| ০৯. | মোঃ জয়নাল আবেদীন | প্যানেল চেয়ারম্যান ৫ঃ | [signature] |
| ১০. | বিধু ভূষণ তালুকদার | উপজেলা নির্বাহী কর্মকর্তা | [signature] |
| ১১. | মোঃ কামরুজ্জামান | উপজেলা প্রকৌঃ | [signature] |
| ১২. | মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] |
| ১৩. | মোঃ পারভেজ খান | সহকারী প্রকৌশলী (শো:প্র:) | [signature] |
| ১৪. | জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার | [signature] |
| ১৫. | মোঃ আতিকুল হক | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৬. | মোহাম্মদ নাঈম হাসান | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | [signature] |
| ১৭. | মোঃ মাহিদুল হক | উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ১৮. | মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার | [signature] |
| ১৯. | মোঃ হাবিবুর রহমান আহমদ | USEO | [signature] |
| ২০. | মোঃ মানিক মিয়া | SAPPO | [signature] |
| ২১. | রোকসানা আক্তার রুমা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | [signature] |
| ২২. | শিবলী আতিকা তিন্নী | UWAO | [signature] |
| ২৩. | রনজু কুমার সিংহ | OCLSD | [signature] |
| ২৪. | সজল কান্তি দত্ত তালুকদার | কমান্ডার, পল্লী বিদ্যুৎ সমিতি কোম্পানীগঞ্জ | [signature] |
| ২৫. | মোঃ ইকবাল হোসাইন আরিফ | লেঃ ক: কোম্পানীগঞ্জ - UCCA | [signature] |
| ২৬. | বিশ্বজিৎ কান্তি দাস | UPIO, কোম্পানীগঞ্জ | [signature] |
| ২৭. | মোঃ শাহ আলম আনসারী | UPO, কোম্পানীগঞ্জ | [signature] |
| ২৮. | মোঃ রেজাউল করিম | SUDBSO (P.D.B.F) কোম্পানীগঞ্জ | [signature] |
| ২৯. | মৃণাল কান্তি চৌধুরী | D.G.M. পল্লী বিদ্যুৎ | [signature] |

কেয়া প্রোডাক্টস, বাবুবাজার, ঢাকা।